



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029


স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৭৬

তারিখ-০২/০৮/২০১৮খ্রি:

বিষয়: বরগুনা জেলার আমতলী উপজেলায় সাব গ্রুপ (সলিডারিটি গ্রুপ) ভিত্তিক ঋণ বিতরণ কার্যক্রম বন্ধ রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় সুফলভোগীদের বিভিন্ন আইজিএ ভিত্তিক ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমকে গতিশীল করার স্বার্থে সাব গ্রুপ(সলিডারিটি গ্রুপ) ভিত্তিক ঋণ বিতরণের নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু বরগুনা জেলার আমতলী উপজেলায় লক্ষ্য করা যাচ্ছে যে, সাব গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণের মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমকে গতিশীল করার পরিবর্তে অপপ্রয়োগের মাধ্যমে ঋণ কার্যক্রমে বিশৃঙ্খলা সৃষ্টিসহ স্থবিরতা বিরাজ করছে। ফলে কিস্তি খেলাপীসহ মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ দিন দিন আশংকাজনক হারে বাড়ছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম গতিশীল করা ও শৃঙ্খলা ফিরিয়ে আনার স্বার্থে উক্ত উপজেলায় সাব গ্রুপ ভিত্তিক ঋণ বিতরণ বন্ধ রাখার জন্য বলা হলো অর্থাৎ সমিতি ভিত্তিক ঋণ বিতরণ করতে নির্দেশনা দেয়া হলো। এ ক্ষেত্রে পূর্বে বিতরণকৃত সমিতির সকল সাব গ্রুপের ঋণ আদায় সাপেক্ষে পরবর্তিতে সমিতি ভিত্তিক ঋণ বিতরণ করতে হবে। এছাড়া যে সকল সমিতিতে কিস্তি আদায়ের হার ৫০% এর নিচে থাকবে সে সকল সমিতিতে পূর্ণ ঋণ বিতরণ করা যাবে না।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা মোতাবেক ঋণ কার্যক্রম পরিচালনা করার জন্য বলা হলো। অন্যথায় আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৪


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
আমতলী উপজেলা, বরগুনা জেলা।

স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ৭৬

তারিখ : ০২/০৮/২০১৮ খ্রিঃ

অনুলিপি:

- ১। উপপরিচালক, বিআরডিবি, বরগুনা জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, আমতলী উপজেলা, বরগুনা জেলা।
- ৫। হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, আমতলী উপজেলা, বরগুনা জেলা।
- ৬। অফিস কপি।


মোহাম্মদ আশরাফুল হক আকন্দ
সহকারী পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।